গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০
www.dfp.gov.bd

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির(এপিএ) আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম [১.৩] অনুযায়ী

## সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা |
| স্থান | : | সভাকক্ষ (২য় তলা), তথ্য ভবন |
| তারিখ ও সময় | : | ২০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি, বেলা ১০:০০ ঘটিকা |

**১.০ সভায় উপস্থিত সকলের তালিকা পরিশিষ্ট 'ক'।**

২.০ সভাপতি আগত সকল কর্মকর্তা-কর্মচারীকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সরকারী কাজে স্বচ্ছতা আনয়নের বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি বলেন যে, সরকারী কাজে প্রজাতন্ত্রের কর্মচারীদের প্রচলিত ধ্যান-ধারনা পরিবর্তন করে জনসেবামুখী করার জন্য জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। অতঃপর পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) কে আলোচ্যসূচি মোতাবেক ২০২৩-২০২৪ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করার জন্য অনুরোধ করেন।

৩.০ সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কার্যক্রম [১.৩]-এ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা নির্দিষ্ট সময়ে আয়োজনের নির্দেশনা রয়েছে। সে প্রক্ষিতে নির্দেশনা অনুযায়ী প্রতিটি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। এরপর তিনি অংশীজনদের কাছ থেকে মতামত আহবান করেন।

৪.০ দৈনিক দ্যা ফিনান্সিয়াল এক্সপ্রেসের প্রতিনিধি বলেন পত্রিকা একসময় একটি সেবা খাত হিসেবে বিবেচিত হতো। কিন্তু বর্তমানে এটি একটি শিল্প। সেজন্য লাভের চিন্তা করেই প্রত্রিকা কর্তৃপক্ষকে কাজ করতে হয়। বর্তমানে বিভিন্ন পত্রিকার, বিশেষ করে ইংরেজি পত্রিকার সার্কুলেশন দিনে দিনে হ্রাস পাচ্ছে। সেসব বিবেচনায় নিয়ে বিজ্ঞাপন হার নির্ধারণসহ বিভিন্ন নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে বিষয়টি বিচেনায় রাখার জন্য তিনি আহবান জানান।

৫.০ দৈনিকভোরের কাগজ পত্রিকার প্রতিনিধি জানান বিভিন্ন দিবসে ক্রোড়পত্রের জন্য পত্রিকাগুলোকে স্থান বরাদ্দ রাখতে হয়। ক্রোড়পত্রের ম্যাটার এবং কার্যাদেশ দেরীতে পাওয়া গেলে পত্রিকাগুলোকে সমস্যায় পড়তে হয়। সেজন্য ম্যাটার এবং কার্যাদেশ দ্রুত পাঠানো নিশ্চিত করা প্রয়োজন। এছাড়া বর্তমানে অন্যান্য মন্ত্রণালয়ের ক্রোড়পত্র যেহেতু ডিএফপির মাধ্যমে বিতরণ করা হয়, সেসব ক্রোড়পত্রের বিলগুলো স্ব স্ব মন্ত্রণালয়ের মাধ্যমে না দিয়ে ডিএফপির মাধ্যমেদিলে পত্রিকা কর্তৃপক্ষকে বিল নিয়ে অহেতুক অনিশ্চয়তায় পড়তে হয় না। ।

৬.০ দৈনিকদেশ রুপান্তরের প্রতিনিধি জানান, একটি দেশের গণমাধ্যম দেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখে। দেশের মানুষের চাহিদা তুলে ধরার পাশাপাশি সরকারের উন্নয়ন ভাবনায় জনগণকে সম্পৃক্ত করতে শক্তিশালী গণমাধ্যমের কোন বিকল্প নেই। কিন্তু কিছু পত্রিকা মালিক পত্রিকা খুলে কিছুদিন চালানোর পর অনেক দামে অন্যের কাছে বিক্রী করে দিচ্ছেন। পত্রিকা বর্তমানে ব্যবসার একটা হাতিয়ারে পরিণত হয়েছে। এসব অনিয়ম দূর করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরকেই নিতে হবে। সেজন্য তিনি প্রচলিত আইনে প্রয়োজনীয় পরিবর্তন এনে যুগোপযোগী করার আহবান জানান।

৭.০ পররাষ্ট্র মন্ত্রণালয়ের জনকূটনীতি অনুবিভাগের প্রতিনিধি জানান, বিভিন্ন জাতীয় দিবসের পোস্টার ডিপ্লোম্যাটিক ব্যাগের মাধ্যমে বিদেশস্থ বাংলাদেশি মিশনগুলোতে সরবরাহ করা হয়। সেজন্য কখনো কখনো পাঠাতে এক মাসেরও বেশি সময় লেগে যায়। সেজন্য যথেষ্ট সময় নিয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সরবরাহের পাশাপাশি উন্নত রিজল্যুশনের সফট কপি সরবরাহের স্থায়ী নির্দেশনা প্রদান করা হলে সার্বিকভাবে প্রচার কাজে সাফল্য লাভ করা সম্ভব।

৮.০ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আ ন ম আমিনুর রহমান জানান তিনি দীর্ঘদিন ধরে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের প্রকাশনার সাথে সম্পৃক্ত আছেন। বাংলাদেশের পাখি, বণ্যপ্রাণিসহ প্রকৃতি সম্পর্কিত এ অধিদপ্তরের বিভিন্ন প্রকাশনার জন্য তিনি সাধুবাদ জানান। এ ধরনের আরও প্রকাশনার পাশাপাশি প্রকৃতি সংরক্ষণ সম্পর্কিত ছোট ছোট প্রামাণ্যচিত্র বা টিভি ফিলার নির্মাণের বিষয়ে তিনি সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন।

৯.০ বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৯.১ পত্রিকার সার্কুলেশনসহ অন্যান্য বিষয় বিবেচনা করে নীতিমালা প্রণয়নের উদ্যোগ নিতে হবে।

৯.২ ক্রোড়পত্রের ম্যাটার এবং কার্যাদেশ দ্রুত পত্রিকা অফিসে প্রেরণের ব্যবস্থা করতে হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ব্যতীত অন্যান্য মন্ত্রণালয়ের বিল ডিএফপির মাধ্যমে পরিশোধের উদ্যোগ নিতে হবে।

৯.৩ সংবাদপত্র শিল্পে বিরাজমান বিভিন্ন অনিয়ম চিহ্নিত করে এ সম্পর্কিত প্রচলিত আইনসমূহ যুগোপযোগী করার উদ্যোগ নিতে হবে।

৯.৪ জাতীয় দিবসের পোস্টারসমূহ বিদেশি মিশনসূহে প্রেরণের জন্য হাতে যথেষ্ট সময় নিয়ে সরবরাহ করতে হবে।

৯.৫ প্রকৃতি সংরক্ষণ বিষয়ক প্রকাশনা ও প্রামাণ্য চলচ্চিত্র নির্মাণে গুরুত্ব দিতে হবে।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

20.07.2023

স. ম. গোলাম কিবরিয়া
মহাপরিচালক
ফোন : ৮৩৩১০৩৪

নং-নং-১৫.৫৭.০০০০.০০১.০৬.০০১.২১. (অংশ-০১)

তারিখ: ১৪৩০ / ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা সদর দপ্তর, ঢাকা।
০২। প্রধান তথ্য অফিসারঢাকা। ,বাংলাদেশ সচিবালয় ,তথ্য অধিদফতর ,
০৩। মহাপরিচালক ,সার্কিট হাউস রোড ১১২ ,তথ্য ভবন ,গণযোগাযোগ অধিদপ্তর ,ঢাকা।
০৪। মহাপরিচালক বাংলাদেশ ফিল্ম ,আর্কাইভঢাকা। ,শাহবাগ ,
০৫। মহাপরিচালকঢাকা। ,জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ,
০৬। মহাপরিচালকঢাকা ,পররাষ্ট্র মন্ত্রণালয় ,জন কূটনীতি অনুবিভাগ ,।
০৭। (পরিচালক) সকলঢাকা। ,চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর ,(
০৮। সিনিয়র সম্পাদক ,(সচিত্র ও নবারুণ)চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরঢাকা। ,
০৯। উপপরিচালক ,(সকল)চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরঢাকা। ,
১০। চিত্র প্রযোজক ,(সকল)চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরঢাকা। ,
১১। সহকারী পরিচালক ঢাকা। ,চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর ,(সকল)
১২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারি মহাপরিচালক মহোদয়ের) সদয় অবগতির জন্য।(
১৩। অফিস কপি।
১৪। প্রশাসন শাখা ,ওয়েবসাইট প্রকাশের অনুরোধসহ।

সেলিনা আকতার
উপপরিচালক (প্রশাসন)

ICT PC-3 (Admin)/E/Mizan/Shuddachar